



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019
2nd Term: Answer Work Sheet - 19



Class: 3

Subject: Bengali Gram(বোধশক্তির বিচার)

Date: 13/11/2020

নিচের অনুচ্ছেদটি পড়ে উত্তর গুলি লেখ ।

একদিন এক কাক এক মাংসের দোকান থেকে একখন্ড মাংস চুরি করে মুখে করে নিয়ে একটি গাছের উঁচু ডালে বসে খাবার উপক্রম করছিল। কাকের এই মাংসখন্ড চুরি করে নিয়ে পালাবার সময় এক শিয়ালের নজরে পড়ে। শিয়াল কাকের মাংস খন্ডটি পাবার জন্য মনে মনে নানা ফন্দি করতে থাকে। কাকও খুব চতুর পাখি। সে তো সহজে মুখ খুলবে না, আর মুখ না খুললে তো মাংসখন্ডটি পাওয়া যাবে না। কি করা যায় ? ভাবতে ভাবতে শিয়াল কাককে নানা তোষামোদ করতে শুরু করল। বলল তোমার মতো সুন্দর পাখি আমি আর দেখিনি। তোমার চেহারা যখন এত সুন্দর, না জানি তোমার কণ্ঠস্বর আরও আরো কত সুন্দর ! তা ভাই, তুমি যদি দয়া করে একটা গান শোনাও , তবে আমি কৃতার্থ হই। তোমার সুমিষ্ট কণ্ঠের একটা গান শুনেই আমি চলে যাব। শিয়ালের এইসব কথাতে বোকা কাক সত্যিই নিজেকে সুন্দর ভেবে বিকট চিৎকারে কা কা করে ডেকে উঠল। সেই মুহূর্তেই তার মুখ থেকে মাংসখন্ডটি পড়ে গেল , আর শিয়াল হাসতে হাসতে মাংসখন্ডটি নিয়ে পালিয়ে গেল।

প্রশ্ন

১। কাক কি চুরি করে পালিয়ে ছিল ?

উঃ কাক একটি মাংসখন্ড চুরি করে পালিয়েছিল।

২। কাকের এই চুরি করা জিনিসটি কার নজরে পড়েছিল ?

উঃ কাকের এই চুরি করা জিনিসটা এক শিয়ালের নজরে পড়েছিল ।

৩। শিয়াল কাকের জিনিসটা নেবার জন্য কাককে কী করতে লাগল ?

উঃ শিয়াল কাকের জিনিসটা নেবার জন্য কাককে তোষামোদ করতে লাগল ।

৪। শিয়াল কাককে কী অনুরোধ করেছিল ?

উঃ শিয়াল কাককে গান গাইবার অনুরোধ করেছিল ।

৫। কাক শিয়ালের অনুরোধে কী করল ?

উঃ কাক শিয়ালর অনুরোধে বিকট চিৎকারে কা- কা করেছিল ।

৬। কাকের মুখ থেকে মাংসখন্ডটি পড়ামাত্রই শিয়াল কী করেছিল ?

উঃ কাকের মুখ থেকে মাংসখন্ডটা পড়ামাত্রই শিয়াল হাসতে হাসতে সেটা নিয়ে পালিয়ে গেল ।

৭। বাক্য রচনা কর -

ক) ফন্দি = ছেলেটা নানা ফন্দি করে কাজটা হাসিল করল ।

খ) অনুরোধ = আমার বন্ধুর অনুরোধে আমি তার বাড়ি গেলাম ।

গ) নজরে = এতবার খুঁজেও জিনিসটা আমার নজরে এল না ।

৮। বিপরীত শব্দ লেখ -

ক) উঁচু = নিচু

খ) বোকা = চালাক

গ) সুন্দর = কুৎসিত

৯। ঠিক বা ভুল লেখ -

ক) শিয়াল খুব চালাক ছিল । ঠিক

খ) কাক খুব সুন্দর পাখি । ভুল

গ) শিয়াল মাংসখন্ডটি চুরি করে ছিল । ভুল

Manashi Chaudhuri